

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ
১৬, আবদুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.৪৫৮(২)

তারিখঃ ০৩/০৩/২০২০ খ্রি.

বিষয় : ধান সংগ্রহের অতিরিক্ত লক্ষ্যমাত্রা সমন্বয়করণ।

- সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুরের স্মারক নং ১৩.০৮.০০০০.০১৪.০৩২.০২০.২০.২০৪, তারিখ: ২৭/০১/২০২০ খ্রি।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহীর স্মারক নং ১৩.০১.০০০০.২২৫.৪০.০০১.১৯.৬৪১, তারিখ: ০৪/০২/২০২০ খ্রি।
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকার স্মারক নং ১৩.০১.০০০০.০০০.৪৫.০০১.১৮.১১১, তারিখ: ০১/০৩/২০২০ খ্রি।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহীর স্মারক নং ১৩.০১.০০০০.২২৫.৪০.০০১.১৯.১১২৬, তারিখ: ২৭/০২/২০২০ খ্রি।
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহীর স্মারক নং ১৩.০১.০০০০.২২৫.৪০.০০১.১৯.১১৭৪, তারিখ: ০৩/০৩/২০২০ খ্রি।
৬। খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.২৯২(২), তারিখ: ০৬/০২/২০২০ খ্রি।
৭। খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.৩৪৩(২), তারিখ: ১৬/০২/২০২০ খ্রি।
৮। খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.৩৭৫(২), তারিখ: ২০/০২/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি আমন সংগ্রহ ২০১৯-২০ মৌসুমে রংপুর, রাজশাহী ও খুলনা বিভাগের অনুকূলে যথাক্রমে ১,২৮,৬০৮ মে:টন, ৯১,৫০৩ মে:টন ও ৮৭,২৯৯ ধানের সংগ্রহ লক্ষ্যমাত্রা প্রদান করা হয়। লক্ষ্যমাত্রার অতিরিক্ত ধান সংগ্রহের সম্ভাবনা থাকায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর সূত্রস্থ ১নং স্মারকে আরও ৩০,০০০ মে:টন, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী সূত্রস্থ ২নং স্মারকে আরও ৩৪,১০০ মে:টন ধানের লক্ষ্যমাত্রা চেয়েছেন। তৎপ্রেক্ষিতে সূত্রস্থ ৬,৭ ও ৮নং স্মারকে রাজশাহী ও রংপুর বিভাগে যথাক্রমে অতিরিক্ত ১৫,৯৮২ মে:টন ও ১৫,৯৮১ মে:টন ধানের লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছিল। ধানের সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার আশঙ্কা থাকায় আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা সূত্রস্থ ৩নং স্মারকে ২০০ মে:টন ও সূত্রস্থ ৪নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী ৫০ মে:টন ধানের লক্ষ্যমাত্রা সমর্পণ করেছেন। পরবর্তীতে সূত্রস্থ ৫নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়ার চাহিদার পরিপ্রেক্ষিতে আরো ৩০০ মে:টন ধানের অতিরিক্ত লক্ষ্যমাত্রা চেয়েছেন। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহীর সূত্রস্থ ৪নং স্মারকের পরিপ্রেক্ষিতে সমর্পণকৃত ৫০ মে:টন ধান খাদ্য অধিদপ্তরে গ্রহণ না করে উক্ত ৫০ মে:টন ধান বিভাগের মধ্যে আন্ত:জেলা সমন্বয় করার জন্য বলা হলো।


এমতাবস্থায়, ঢাকা বিভাগের সমর্পণকৃত ২০০ মে:টন ধান সংগ্রহের জাতীয় লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ৮(খ) উপধারা মোতাবেক রাজশাহী ও রংপুর বিভাগে সমহারে ধানের অতিরিক্ত লক্ষ্যমাত্রা প্রদান করা হলো। এতে ৩টি বিভাগের পুন:নির্ধারিত লক্ষ্যমাত্রা নিম্নের সারণিতে তুলে ধরা হলো।

ক্র: নং	বিভাগের নাম	মূল লক্ষ্যমাত্রা (মে:টন)	সমর্পণকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)	অতিরিক্ত প্রদানকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)	সমন্বয়ের পর স্থিরকৃত লক্ষ্যমাত্রা (মে:টন)
১.	রংপুর	১,৪৪,৫৮৯	০	১০০	১,৪৪,৬৮৯
২.	রাজশাহী	১,০৭,৪৮৫	০	১০০	১,০৭,৫৮৫
৩.	ঢাকা	১,১২,৫৬৪	২০০	০	১,১২,৩৬৪

অতিরিক্ত প্রদানকৃত আমন ধানের উপর্যুক্ত লক্ষ্যমাত্রা অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুযায়ী সংগ্রহ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
রংপুর/রাজশাহী।



(আলমগীর কবির)
উপপরিচালক, সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা
ফোনঃ ০২-৯৫৫৬১৯৭।

স্মারক নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯.৪৫৮/২(৬)

তারিখঃ ০৩/০৩/২০২০ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৩। পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।


০৩/০৩/২০২০

উপপরিচালক
সংগ্রহ বিভাগ

খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৩/০৩/২০২০